# আল-মুরসালাত | Al-Mursalat | اَلْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ৪৮

## আরবি মূল আয়াত:

وَ اِذَا قِیۡلَ لَهُمُ ارۡكَعُوۡا لَا یَرۡكَعُوۡنَ ﴿۴۸﴾

## অনুবাদসমূহ:

তাদেরকে যখন বলা হয় ‘রুকূ‘ কর,’ তখন তারা রুকূ‘ করত না। — আল-বায়ান

তাদেরকে যখন বলা হয় (আল্লাহর সম্মুখে) নত হও, (তাঁর আদেশসমূহ পালনের মাধ্যমে) তখন তারা নত হয় না। — তাইসিরুল

যখন তাদেরকে বলা হয়ঃ ‘আল্লাহর প্রতি নত হও’, তারা নত হয়না। — মুজিবুর রহমান

And when it is said to them, "Bow [in prayer]," they do not bow. — Sahih International

৪৮. যখন তাদেরকে বলা হয় রুকু কর, তখন তারা রুকু করে না।(১)

(১) এখানে অধিকাংশ তফসীরবিদের মতে রুকুর পারিভাষিক অর্থই উদ্দেশ্য। অর্থ এই যে, যখন তাদেরকে সালাতের দিকে আহবান করা হত, তখন তারা সালাত পড়ত না। কাজেই আয়াতে রুকু বলে পুরো সালাত বোঝানো হয়েছে। [বাগভী; ইবন কাসীর; সা’দী]

তাফসীরে জাকারিয়া

(৪৮) যখন তাদেরকে বলা হয়, তোমরা আল্লাহর জন্য রুকূ কর (নামায পড়), তখন তারা রুকূ করে না (নামায পড়ে না)। [1]

[1] অর্থাৎ, যখন তাদেরকে নামায পড়তে বলা হয়, তখন তারা নামায পড়ে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5670

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন